# অবশেষে 'মহানগর ৩' নিয়ে ফিরছেন ওসি হারুন




ছবি: সংগৃহীত

তিন বছর ধরে 'মহানগর' সিরিজের ভক্তদের অপেক্ষা ছিল ওসি হারুনের ফেরার। সেই অপেক্ষার অবসানের ইঙ্গিত দিয়েছেন নির্মাতা আশফাক নিপুণ। নিজের জন্মদিনে তিনি জানিয়েছেন, 'মহানগর ৩'-এর চিত্রনাট্য নিয়ে কাজ করছেন।

বুধবার (২৬ আগস্ট) জন্মদিন উপলক্ষে ফেসবুকে প্রকাশ করা এক ভিডিওতে নিপুণকে চিত্রনাট্য লেখার কথা বলতে শোনা যায়। ভিডিওতে তিনি বলেন, 'যাইহোক, এখন স্ক্রিপ্টটা শেষ করে আসি। সময় হাতে বেশি নেই।'

কোন সিরিজের চিত্রনাট্য নিয়ে কাজ করছেন, সেটিও ভিডিওতে স্পষ্ট করে দেন নির্মাতা। তিনি নিজের কণ্ঠে 'মহানগর'-এর পরিচিত ইন্ট্রো মিউজিক গেয়ে শোনান। এরপরই দর্শকদের মধ্যে নিশ্চিত হয়, তৃতীয় কিস্তি নিয়ে এগোচ্ছেন তিনি।

তবে নতুন সিজনের শুটিং কবে শুরু হবে বা কবে এটি দর্শকদের সামনে আসবে, সে বিষয়ে এখনো কোনো সময়সূচি জানাননি আশফাক নিপুণ।

২০২১ সালে মুক্তির পর 'মহানগর' দ্রুত দর্শকদের মধ্যে জনপ্রিয়তা পায়। প্রায় দুই বছর পর মুক্তি পায় দ্বিতীয় সিজন। গল্প, নির্মাণ ও অভিনয়ের কারণে বাংলাদেশ ছাড়িয়ে ভারতেও সিরিজটি ব্যাপক পরিচিতি পায়। দ্বিতীয় সিজনের শেষেও পরবর্তী কিস্তির সম্ভাবনার ইঙ্গিত ছিল।

এরপর দীর্ঘ সময় ধরে তৃতীয় সিজন নিয়ে কোনো আনুষ্ঠানিক ঘোষণা না আসায় দর্শকদের মধ্যে তৈরি হয় অপেক্ষা ও অনিশ্চয়তা। বাজেটসহ নানা জটিলতার কারণেও 'মহানগর ৩' নিয়ে আলোচনা থেমে ছিল।

নতুন সিজনে জনপ্রিয় চরিত্র ওসি হারুনের ভূমিকায় মোশাররফ করিমকে আবারও দেখা যেতে পারে বলে জানা গেছে। পাশাপাশি পশ্চিমবঙ্গের অভিনেতা অনির্বাণ ভট্টাচার্যও তৃতীয় কিস্তিতে যুক্ত হতে পারেন বলে আলোচনা রয়েছে। তবে এ বিষয়ে এখনো আনুষ্ঠানিক ঘোষণা আসেনি।